

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৬৬টি প্রতিষ্ঠানকে ৪.৭১ লক্ষ টাকা জরিমানা

১০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ীয় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নেত্রকোণা, গাজীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, মাদারীপুর, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, বরিশাল, ভোলা, খুলনা, ফেনী, মাগুরা, চট্টগ্রাম, সিলেট, কক্সবাজার ও সুনামগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তার ও সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদাউস কর্তৃক গুলশান ও মতিঝিল এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে এঞ্জেল শেফ, ব্যামবু শূট রেস্তোরা ও তাজমহল হোটেলকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে প্রাইম ফার্ম ফিফল ইট এইচ এম আর, সোনারগাঁও স্টোর, ব্যামবু শূট রেস্তোরা, কাজল স্টোর ও শাহীন স্টোরকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে আগোরা (গুলশান), মজিবুল হক মাংসের দোকান, কিশোরগঞ্জ মাংসের দোকান ও যশোর রাইস এজেঞ্জীকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২,৮২,০০০/- (দুই লক্ষ বিরাশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

দেশব্যাপী ১৭টি জেলায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৪৬টি প্রতিষ্ঠানকে ১,৭২,৭০০/- (এক লক্ষ বাহাত্তর হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ৮টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৮ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

গত ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ২১টি বাজার তদারকি ও ৮টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৬৬টি প্রতিষ্ঠানকে মোট ৪,৭১,৭০০/- (চার লক্ষ একাত্তর হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে ৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

সহকারী পরিচালক (কার্য কন্ট্রোল)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা/পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।